



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১১৪১২



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/নরসিংদী-১৬/ ৩২৪৫৬

তারিখঃ ০৫.২০১৯ খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ১৮/২০১৯ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক Annexure-D নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/৩২০৬/৬/নরসিংদী-১৬; তারিখঃ ০৬.০৩.২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন খিলপাড়া দারুল উলুম আলিম মাদ্রাসার (Annexure-D) এর আবেদন অনুযায়ী সুপার, দাখিলস্তর) জনাব মোঃ নাজিম উদ্দিন স্বপদে বহাল থাকার জন্য মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৮/২০১৯ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট কর্তৃক জনাব মোঃ নাজিম উদ্দিন এর ০২.০৮.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন (Annexure-D) নিষ্পত্তির জন্য বোর্ডকে নির্দেশ প্রদান করে।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য ১১.০৩.২০১৯ খ্রিঃ তারিখ আবেদনকারী জনাব মোঃ নাজিম উদ্দিনের আবেদনের বিষয়ে স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে আবেদনকারী মোঃ নাজিম উদ্দিন, অধ্যক্ষ মোঃ রুহুল আমিন ও সভাপতিকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জনাব মোঃ নাজিম উদ্দিন ও অধ্যক্ষ মোঃ রুহুল আমিন খান শুনানীতে অংশগ্রহণ করে তাদের লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করেন, কিন্তু সভাপতি শুনানীতে অংশগ্রহণ করেননি।

দাখিলকৃত লিখিত বক্তব্য, সমর্থনীয় কাগজপত্র ও অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনান্তে দেখা যায়, খিলপাড়া দারুল উলুম আলিম মাদ্রাসাটি দাখিল স্তর হিসেবে ০১.০৩.১৯৮৭ খ্রিঃ তারিখে এমপিও প্রাপ্ত হয়। পরবর্তীতে ০১.০৬.১৯৯৫ খ্রিঃ তারিখে আলিম স্তর পাঠদানের অনুমতি লাভ করে ও ০১.০৭.১৯৯৬ খ্রিঃ তারিখে একাডেমিক স্বীকৃতি লাভ করে। মাদ্রাসাটি অদ্যাবধি আলিম স্তর হিসেবে এমপিও ভুক্ত হয়নি এবং বর্তমানে আলিম স্তরে কোন ছাত্র/ছাত্রী অধ্যয়নরত নেই।

রিট পিটিশন নং-১৮/২০১৯ দায়েরকারী জনাব মোঃ নাজিম উদ্দিন দাবী করেন যে, তিনি সুপার থাকা অবস্থায় সহ-সুপারকে অধ্যক্ষ নিয়োগ দেয়া অবৈধ। প্রকৃত পক্ষে সার্বিক পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসাটি আলিম স্তরে অনুমতি প্রাপ্তির পর নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও যথাযথ নিয়োগ প্রক্রিয়া সম্পন্নের মাধ্যমে নিয়োগ পরীক্ষায় ১ম স্থান অধিকারী জনাব মোঃ রুহুল আমিন খানকে অধ্যক্ষ পদে নিয়োগ দেওয়া হয়েছে এবং সুপার নিজেই অধ্যক্ষ পদে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ রুহুল আমিন খানকে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন মর্মে স্বীকার করেছেন। মাদ্রাসাটিতে আলিম স্তর বিদ্যমান থাকায় অধ্যক্ষ হিসেবে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ রুহুল আমিন খান অদ্যাবধি অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

বর্ণিত অবস্থায় দাখিলকৃত লিখিত বক্তব্য, সমর্থনীয় কাগজপত্র ও অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনান্তে সংশ্লিষ্ট সকলকে এই মর্মে অবহিত করা যাচ্ছে যে, অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সুপার নিজেই অধ্যক্ষ পদে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ রুহুল আমিন খানকে দায়িত্ব বুঝিয়ে দিয়েছেন মর্মে স্বীকার করায় জনাব মোঃ রুহুল আমিন খান অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন এবং মাদ্রাসাটির আলিম স্তর বাতিল না হওয়ায় মাদ্রাসার সুপার হিসেবে জনাব মোঃ নাজিম উদ্দিনকে দায়িত্ব প্রদানের কোন সুযোগ নেই।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮



- ✓ প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ-গভার্গিং বডি, খিলপাড়া দারুল উলুম আলিম মাদ্রাসা, পলাশ, নরসিংদী।
২) জনাব মোঃ রুহুল আমিন খান, অধ্যক্ষ, খিলপাড়া দারুল উলুম আলিম মাদ্রাসা, পলাশ, নরসিংদী।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/নরসিংদী-১৬/

তারিখঃ ০৫.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নরসিংদী।
২. উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী।
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পলাশ, নরসিংদী।
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিমিটেড,.....শাখা, পলাশ, নরসিংদী।
৬. জনাব মোঃ নাজিম উদ্দিন, রিট পিটিশন নং- ১৮/২০১৯ এর বাদী।
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪